

💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৮০. সাম্প্রদায়িকতা অথবা জাতীয়তাবাদকে উৎসাহিত করে এমন কথা বলা

সাম্প্রদায়িকতা অথবা জাতীয়তাবাদকে উৎসাহিত করে এমন কথা বলা হারাম। মূলতঃ মুনাফিকরাই এ জাতীয় কর্মকান্ডে উসকানি দিয়ে থাকে।

জাবির বিন্ 'আব্দুল্লাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: আমরা একদা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে এক যুদ্ধে ছিলাম। তখন জনৈক মুহাজির ছেলে জনৈক আসারী ছেলের সাথে দ্বন্দ্ব করে তার পাছায় আঘাত করে। তখন আসারী ছেলেটি এ বলে ডাক দিলো: হে আসারীরা! তোমরা কোথায়? তোমরা আমার সহযোগিতা করো। এ আমাকে মেরে ফেলছে। মুহাজির ছেলেটি বললো: হে মুহাজিররা! তোমরা কোথায়? তোমরা আমার সহযোগিতা করো। এ আমাকে মেরে ফেলছে। তখন রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন: এ কি? জাহিলী যুগের ডাক শুনা যাচ্ছে কেন ? সাহাবাগণ রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম কে উক্ত ব্যাপারটি জানালে তিনি বলেন:

دَعُوْهَا، فَإِنَّهَا مُنْتِنَةٌ، وَفِيْ رِوَايَةٍ: فَلَا بَأْسَ، وَلْيَنْصُرِ الرَّجُلُ أَخَاهُ ظَالِمًا أَقْ مَظْلُوْمًا، إِنْ كَانَ ظَالِمًا فَلْيَنْهَهُ، فَإِنَّهُ لَهُ نَصِيْرٌ، وَإِنْ كَانَ مَظْلُوْمًا فَلْيَنْصِبُرْهُ.

"আরে এমন কথা ছাড়ো, এটি একটি বিশ্রী কথা! অন্য বর্ণনায় রয়েছে, আরে ব্যাপারটি তো সাধারণ, তা হলে এতে কোন অসুবিধে নেই। তবে মনে রাখবে, প্রত্যেক ব্যক্তি যেন তার অন্য মুসলিম ভাইকে সহযোগিতা করে। চাই সে যালিম হোক অথবা মাযলুম। যালিম হলে তাকে যুলুম করতে বাধা দিবে। এটিই হবে তার সহযোগিতা। আর মাযলুম হলে তো তার সহযোগিতা করবেই"।

(বুখারী ৪৯০৫, ৪৯০৭; মুসলিম ২৫৮৪)

ইতিমধ্যে আব্দুল্লাহ্ বিন্ উবাই কথাটি শুনে বললো: আরে তাদেরকে ছাড়া হবে না। তারা এমন করবে কেন ? আমরা মদীনায় পোঁছুলে এ অধমদেরকে মদীনা থেকে বের করে দেবা। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট কথাটি পোঁছুলে 'উমর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললেন: আপনি আমাকে একটু সুযোগ দিন। মুনাফিকটির গর্দান উড়িয়ে দেবো। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: ক্ষান্ত হও, মানুষ বলবে: মুহাম্মাদ তার সাথীদেরকে হত্যা করে দিচ্ছে। জাবির (রাঃ) বলেন: হিজরতের পর মুহাজিররা কম থাকলেও পরবর্তীতে মুহাজিরদের সংখ্যা বেড়ে যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=6856

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন